দৈনিক সংবাদ

তারিখ 06 NOV 1998
পৃষ্ঠা ১ কলাম ১

# দীর্ঘদিন ঢাকায় একই প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষকদের বদলী করা হবে

॥ রাশেদ আহমেদ ॥

ঢাকা মহানগরীতে অবস্থিত সরকারি শিক্ষা-প্রতিষ্ঠানে দীর্ঘদিন কর্মরত শিক্ষকদের অন্যত্র বদলি করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। এ সিদ্ধান্ত কার্যকর হবে খুব শিগগিরই। একই প্রতিষ্ঠানে ৪ বছর অথবা তার অধিককাল ধরে শিক্ষকতা করছেন এমন শিক্ষক-শিক্ষিকাদের একটি তালিকা ইতোমধ্যে তৈরি করতে বলা

বদলী ঃ পৃঃ ১১ কঃ ১

## বদলী ঃ করা হবে

(১ম পৃষ্ঠার পর)

হয়েছে শিক্ষা অধিদপ্তরকে। শিক্ষা মন্ত্রণালয় এ সংক্রান্ত একটি নির্দেশ গত বৃহস্পতিবার সংশ্লিষ্ট অধিদপ্তরকে দিয়েছে। এ তথ্য জানিয়েছে সংশ্লিষ্ট এক সূত্র।

সূত্র জানায়, ঢাকা মহানগরীতে সরকারি কলেজ ও স্কুলে শিক্ষক-শিক্ষিকাদের একই প্রতিষ্ঠানে কে কত বছর কর্মরত রয়েছেন তার তালিকা প্রস্তুতের পর ক্রমানুসারে ঢাকার বাইরে বদলি করা হবে। তদস্থলে আসবে ঢাকার বাইরের শিক্ষকরা।

ঢাকায় অবস্থিত সরকারি শিক্ষকরা কেউ ঢাকার বাইরে যেতে চান না। তাদের এ ব্যাপারে চাপ প্রয়োগের জন্যে নতুন একটি নিয়ম প্রণয়ন করা হচ্ছে- প্রত্যেক সরকারি শিক্ষককে মফস্বলের সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে অন্তত ৩ বছর চাকরি করার বাধ্যবাধকতা থাকবে। মফস্বলে ৩ বছরের এই অভিজ্ঞতা পদোন্নতির ক্ষেত্রে প্রাধান্য পাবে। এছাড়া সরকারি শিক্ষক হিসেবে নিয়োগকৃত শিক্ষকরা ৪ বছর শিক্ষকতা পেশায় না থেকে কেউ প্রশাসনে বদলি হয়ে যেতে পারবেন না- এ ধরনের আরেকটি নিয়ম করা হচ্ছে। সূত্র জানিয়েছে, শিক্ষা মন্ত্রণালয়ে তথ্য রয়েছে ঢাকা মহানগরীতে সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত অধিকাংশ শিক্ষক দীর্ঘদিন ধরে একই প্রতিষ্ঠানে রয়েছেন। প্রশাসনে প্রভাব খাটিয়ে তারা একই স্থানে থাকছেন। এর ফলে দেশের অন্যান্য সরকারি শিক্ষক বঞ্চিত হচ্ছেন। এছাড়া একই স্থানে দীর্ঘদিন থাকায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অনিয়ম-দুর্নীতির সুযোগ সৃষ্টি হচ্ছে। বিগত সরকারের আমলে রাজনৈতিক প্রভাব খাটিয়ে ঢাকায় পোস্টিং নিয়ে চাকরি করছেন এমন অভিযোগও রয়েছে মন্ত্রণালয়ে।

সূত্র জানায়, দেশে বর্তমানে ২৫১টি সরকারি কলেজ ও ৩১৭টি সরকারি স্কুল রয়েছে। এর মধ্যে ঢাকা মহানগরীতে ১১টি কলেজ ও ২৪টি স্কুল অবস্থিত। ঢাকায় এই ৩৫টি স্কুল ও কলেজে প্রচণ্ড চাপ ঢাকার বাইরে থেকে বদলি হয়ে আসার। অপরদিকে যারা এই প্রতিষ্ঠানগুলোতে কর্মরত রয়েছেন দীর্ঘদিন হয়ে যাওয়ার পরও তারা কোনভাবে অন্যত্র যেতে চান না। শিক্ষা মন্ত্রণালয়ে প্রতিনিয়ত এ সংক্রান্ত তদবির থাকে, প্রভাব খাটানো হয়। এই পরিস্থিতি সামাল দেয়ার জন্যেই নতুন এই সিদ্ধান্ত নেয়া হয়েছে। শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক গতকাল এ প্রসঙ্গে বলেন, মহানগরীতে সরকারি শিক্ষকদের একই শিক্ষা প্রতিষ্ঠানে দীর্ঘদিন অবস্থান করার একটি প্রবণতা রয়েছে। এই প্রবণতা রোধ করার জন্যেই নতুন এই সিদ্ধান্ত নেয়া হয়েছে। তিনি বলেন, সরকারি চাকরি হওয়ার পর কোন শিক্ষকই মফস্বলে যেতে চান না। এতে করে মফস্বলের কলেজগুলোতে ভাল শিক্ষকের সংকট থাকে, ছাত্রছাত্রীদেরও ভাল লেখাপড়া হয় না। নকল প্রবণতা এরই একটি অন্যতম কারণ। শিক্ষকদের মফস্বলমুখী করার জন্যে একটি নিয়ম করা হচ্ছে- প্রত্যেক শিক্ষককে অন্ততপক্ষে ৩ বছর মফস্বলের কলেজ-স্কুলে চাকরি করতে হবে। তার এই অভিজ্ঞতা পদোন্নতির ক্ষেত্রে সহায়ক হবে। কিছুদিনের মধ্যে এ নিয়মের বাস্তবায়ন করা হবে বলে মন্ত্রী জানান।